গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
(বিজনেস প্রমোশন অনুবিভাগ)
www.boesl.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে ৩য় কোয়ার্টারে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

সভার সভাপতি: বনানী বিশ্বাস
(উপসচিব)
মহাব্যবস্থাপক, বোয়েসেল।
সভার তারিখ: ফেব্রুয়ারি ০৩, ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় : সকাল ১১:৩০ ঘটিকা
স্থান: বোয়েসেল সম্মেলন কক্ষ
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি করোনা মহামারি চলাকালিন সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন। অত:পর তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বিষয়ে সভায় জানতে চান। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন করা হলো।

২.০। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

| ক্রমিক. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | নৈতিকতা কমিটির সদস্য সচিব উপমহাব্যবস্থাপক(ব্যবসা উন্নয়ন) সভায় অবহিত করেন যে, প্রতি কোয়ার্টারে একটি করে মোট ৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করার নির্দেশনা রয়েছে। গত ২৬ অক্টোবর ২০২২ খ্রি. ১ম কোয়ার্টারের সভা সম্পন্ন হয়েছে। | চতুর্থ কোয়ার্টারের সভা এপ্রিল মাসে সম্পন্ন করতে হবে | নির্বাহী পরিচালক ও সভাপতি নৈতিকতা কমিটি |
| ২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | প্রতি কোয়ার্টারে সভায় গৃহিত সিদ্ধান্ত পরবর্তী কোয়ার্টারের মধ্যে বাস্তবায়ন করতে হবে | সংশ্লিষ্ট কর্মকর্তা/ বিভাগ |
| ৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stakaholders) অংশগ্রহণে ২ টি সভা করার নির্দেশনা রয়েছে। | ২৯ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ এবং ২৫ জানুয়ারি ২০২২ খ্রি. অংশীজনের (Stakaholders) অংশগ্রহণে ২ টি সভা সম্পন্ন হয়েছে। সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | মহাব্যবস্থাপক (বৈ.নি) |
| ৪ | বোয়েসেল-এর কর্মকর্তা/ কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ শুদ্ধাচার প্রশিক্ষণ আয়োজন করতে হবে | ডিজিএম(বি.পি) |
| ৫ | বোয়েসেল-এর কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কক্ষে এসি লাগানো, চেয়ার টেবিল ও শেল্প বসানো এবং পরিস্কার পরিছন্নতার কাজ চলমান আছে। | বোয়েসেল-এর কর্ম-পরিবেশ উন্নয়ন অব্যাহত রাখতে হবে। | ডিজিএম (প্রশা.এইচআর. অর্থ |

| ক্রমিক. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | সঠিক সময়ে প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে | ডিজিএম(বি.পি) |
| ৭ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | প্রতি বছরের ন্যায় শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে | নৈতিকতা কমিটি |
| ৮ | উপমহাব্যবস্থাপক(ব্যবসা উন্নয়ন) সভায় অবহিত করেন যে ,২০২১-২০২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে । | ক্রয়-পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে | ব্যবস্থাপক(হিসাব ও অর্থ ) |
| ৯ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের বিষয়ে সভার সভাপতি উল্লেখ করেন যে , বোয়েসেল-এর জন্য গাড়ি ক্রয় করতে হবে এবং বোয়েসেল-এর জন্য জমি ক্রয়ের বিষয়ে তিনি বলেন , কমিশনার , ঢাকা এর সাথে এ বিষয়ে নির্বাহী পরিচালক , মহাব্যবস্থাপক (বৈ.নি) মহোদয় সাক্ষাৎ করেছেন। কমিশনার মহোদয় অবহিত করেছেন যে, বোয়েসেল-এর জন্য জমি বরাদ্দ না দিয়ে কোনো ভবন নির্মান করে সেখান থেকে ফ্লোর বরাদ্দ দেয়ার ব্যবস্থা করবেন। | কমিশনার ,ঢাকা এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | নির্বাহী পরিচালক , মহাব্যবস্থাপক (বৈ.নি) |
| ১০ | নৈতিকতা সম্পর্কিত প্রচারনার বিষয়ে কোম্পনি সচিব, বোয়েসেল উল্লেখ করেন , বৈদেশিক নিয়োগ ও বোয়েসেল-এর কার্যক্রম অবহিত করণের লক্ষ্যে বিভিন্ন জেলায় জব ফেয়ার ও অবহিত করণ সভা চলমান আছে। | নৈতিকতা সম্পর্কিত প্রচারনা অব্যাহত রাখতে হবে। | নৈতিকতা কমিটি |
| ১২ | বিদেশগামীদের জন্য সচেতনতামুলক সভা আয়োজন করার বিষয়ে কোম্পনি সচিব, মহোদয় উল্লেখ করেন যে , বোয়েসেলে বিদেশগামী কর্মীদের প্রতিনিয়ত বহির্গমন ব্রিফিং প্রদান করা হয় । | বিদেশগামী কর্মীদের বহির্গমন ব্রিফিং অব্যাহত রাখতে হবে । | বৈদেশিক নিয়োগ বিভাগ |
| ১৩ | দুর্নীতি প্রতিরোধ সহায়ক তথ্য সম্বলিত লিফলেট বিতরন এর বিষয়ে উপমহাব্যবস্থাপক(ব্যবসা উন্নয়ন) আলোচনায় বলেন , দুর্নীতিকে বিরোধী বিভিন্ন শ্লোগান সম্বলিত স্টিকার তৈরি করে বিভিন্ন স্থান যেমন দরজা বা বিদেশগামী কর্মীদের দৃষ্টি গোচর স্থানে লাগানো হয়েছে। এবং গণ বিজ্ঞপ্তি প্রকাশ ও লিফলেট বিতরণ করা হয়েছে। | দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | ডিজিএম (প্রশা.এইচআর. অর্থ)) |
| ১৪ | সেবা গ্রহীতার জন্য সচেতনতামূলক তথ্য সোশাল মিডিয়ায় প্রচারণার বিষয়ে ডিজিএম (প্রশা.এইচআর. অর্থ)) উল্লেখ করেন যে , Youtube, Face book-এ বোয়েসেলের বৈদেশিক নিয়োগ সংক্রান্ত নোটিশ ও অন্যান্য প্রচারণা চালানো হচ্ছে। | সচেতনতামূলক তথ্য সোশাল মিডিয়ায় প্রচারণা অব্যাহত রাখতে হবে | এজিএম/ ব্যবস্থাপক (আইটি)/ ব্যবস্থাপক (প্রটোকল) |

An

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বনানী বিশ্বাস
(উপসচিব)
মহাব্যবস্থাপক
ও সভার সভাপতি, বোয়েসেল, ঢাকা

নং: ৪৯.০২.০০০০.০০৬.০৬.০০১.২১.১৪৪.A

তারিখ: ০৩.০২.২০২২ খ্রি

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। জনাব মো. আব্দুস সোবহান, কোম্পানি সচিব, বোয়েসেল, ঢাকা।
২। জনাব নূর আহমেদ, উপমহাব্যবস্থাপক (প্রশা. ,অর্থ ও ট্রেনিং), বোয়েসেল, ঢাকা।
৩। পিএসটু এমডি(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য ,বোয়েসেল, ঢাকা।
৪। পিএ টু ইডি (ইডি) মহোদয়ের সদয় অবগতির জন্য) , বোয়েসেল, ঢাকা।

মোহাম্মদ আলম হোসেন
উপমহাব্যবস্থাপক
(ব্যবসা উন্নয়ন)